

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

পরিপত্র

নং-০৮.৫১২.০৮২.০০.০০.০৩৬.২০১০-১৮১

০৯ শ্রাবণ ১৪১৯

তারিখ : -----

২৪ জুলাই ২০১২

বিষয় : অবৈধ স্থাপনা উচ্ছেদসহ পরিকল্পিতভাবে মহাসড়কগুলি সংরক্ষণের লক্ষ্যে কমিটি গঠন।


গত ০২.০২.২০১২ তারিখে অনুষ্ঠিত সড়ক পরিবহন উপদেষ্টা পরিষদের ৩৬-তম সভায় উপর্যুক্ত বিষয়ে গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে অবৈধ স্থাপনা উচ্ছেদসহ পরিকল্পিতভাবে মহাসড়কগুলি সংরক্ষণের লক্ষ্যে নিম্নরূপভাবে জেলা কমিটি গঠন করা হলঃ

(১)	জেলার মাননীয় সংসদ সদস্যব�ৃন্দ	-	উপদেষ্টা
(২)	জেলা প্রশাসক	-	সভাপতি
(২)	পুলিশ সুপার	-	সদস্য
(৩)	চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল)	-	সদস্য
(৪)	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ	-	সদস্য
(৫)	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি	-	সদস্য
(৬)	মেয়ার,পৌরসভা(সকল)	-	সদস্য
(৭)	মেয়ার, সেটি কর্পোরেশন (যদি থাকে)-এর প্রতিনিধি	-	সদস্য
(৮)	স্থানীয় গণ্যমান্য ব্যক্তি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) ২(দুই) জন	-	সদস্য
(১০)	সড়ক পরিবহন মালিক সমিতির প্রতিনিধি	-	সদস্য
(১১)	সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের প্রতিনিধি	-	সদস্য
(১২)	সহকারী পরিচালক, সংশ্লিষ্ট সার্কেল, বিআরটি	-	সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি :

- (ক) জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং সড়কের উপর অবস্থিত হাট-বাজার/অবৈধ স্থাপনা অপসারণ এবং এই সকল বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ;
- (খ) পরিকল্পিতভাবে মহাসড়কগুলি সংরক্ষণের লক্ষ্যে গণসচেতনতা বৃদ্ধিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (গ) মহসড়কে চলাচল অনুপযোগী করিমন, নছিমন, ভট্টাটি, ইজিবাইক ইত্যাদি যানবাহনের চলাচল রোধ নিশ্চিতকরণ ;
- (ঘ) ফিটনেসবিহীন অবৈধ যানবাহন চিহ্নিত করে আইনগত ব্যবস্থা গ্রহণ; এবং
- (ঙ) মাসে অন্তত একবার সভায় মিলিত হয়ে সার্বিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক গৃহীত কার্যের অগ্রগতি সড়ক বিভাগসহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগ এবং বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি(বিআরটি)-কে অবহিতকরণ।

- ৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
৪। এই পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ শাহ আলম)

উপ-সচিব

ফোনঃ ৭১৬৮৩৯৬

বিতরণঃ

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, পুরাতন বিমান বন্দর সড়ক, এলেনবাড়ী, ঢাকা। (তাঁকে গত ১৩.১০.২০১১ তারিখের বিআরটি/এনফোর্স/জাস্টিশিকাঃ/আরএস-৩৭/২০০৬-২৩৭ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিলের জন্য অনুরোধ জানানো হল)।
৫। বিভাগীয় কমিশনার (সকল)।
৬। ডিআইজি (সকল)।
৭। জেলা প্রশাসক (সকল)। তাঁকে কমিটির সদস্য মনোয়নপূর্বক তাদেরকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হল।
৮। পুলিশ সুপার (সকল)।